



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৭-০৩-২০২১

### সংবাদ বিজ্ঞপ্তি

গত ০৯-০১-২০২১ তারিখ বাফুফে কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে আসন্ন 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এ অংশগ্রহণের জন্য ১৬টি ক্লাব প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ মতিঝিলস্থ বাফুফে ভবন বরাবর আবেদন করে। গত ০৬-০৩-২০২১ তারিখ First Instance Body (FIB) কর্তৃক উক্ত কাগজ-পত্রাদি যাচাই-বাছাই করতঃ ৯টি মহিলা ক্লাব ফুটবল দল এবং বাফুফে মহিলা অ-১৭ দলসহ মোট ১০টি দলকে আসন্ন 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এ অংশগ্রহণের জন্য লাইসেন্স প্রদানের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

লাইসেন্সপ্রাপ্ত ১০টি মহিলা ফুটবল দল হচ্ছে -

১. বসুন্ধরা কিংস
২. শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ
৩. নাসরিন স্পোর্টস একাডেমী
৪. কাচারী পাড়া একাদশ উন্নয়ন সংস্থা
৫. কুমিল্লা ইউনাইটেড ক্লাব
৬. আতাউর রহমান ভূঁইয়া কলেজ স্পোর্টিং ক্লাব
৭. সদ্যপুস্করিণী যুব স্পোর্টিং ক্লাব
৮. এফ সি ব্রান্ডনবাড়িয়া
৯. কাঁচিঝুলি স্পোর্টিং ক্লাব
১০. বাফুফে অ-১৭

আসন্ন 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' উপলক্ষে অদ্য ০৭-০৩-২০২১ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনে একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন বাফুফের কমিটি ফর ওমেন্স ফুটবল এর চেয়ারম্যান ও ফিফার কার্যনির্বাহী সদস্য মিস মাহফুজা আক্তার কিরণ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, বাফুফে সদস্য ও মিডিয়া কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম (নুরু) ও বাফুফের কমিটি ফর ওমেন্স ফুটবল এর সদস্য জনাব মোঃ মঞ্জুর আলম মঞ্জু।

- 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর দল-বদল : আগামী ১০ মার্চ হতে ২০ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত
- 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' শুরু তারিখ : আগামী ২৭ মার্চ ২০২১ তারিখ
- 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর ভেন্যু : বাংলাদেশ আর্মি স্টেডিয়াম/বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়াম (সম্ভাব্য)

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।